

তারিখ ... 1.5. MAY. 2003 ...
পৃষ্ঠা ... 2 ...

বিভিন্ন দাবি আদায়ে শিক্ষক সমিতি ফেডারেশনের কর্মসূচি ঘোষণা

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন বেসরকারি শিক্ষকদের জন্য নতুন জাতীয় পে-স্কেল প্রবর্তন, ৩০ শতাংশ মহার্ঘতাত্ত্বিক ও ১০ শতাংশ বেতন বৃদ্ধিসহ বিভিন্ন দাবিতে কর্মবিরতি, স্মারকলিপি পেশ ও বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে। গতকাল ফেডারেশনের কার্যালয়ে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচির ঘোষণা দেয়া হয়। কর্মসূচির মধ্যে রয়েছে ১৭ মে এক ঘণ্টার কর্মবিরতি পালন, ২৫ মে অর্থমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ, ২ জুন বাংলাদেশে ইউনেকোর প্রতিনিধির কাছে, ৯ জুন বাংলাদেশে আইএলও'র প্রতিনিধির কাছে ও ১৮ জুন জাতীয় সংসদে শিক্ষাকারের কাছে স্মারকলিপি পেশ এবং বাজেটে বেতন বৃদ্ধি ও মহার্ঘ তাত্ত্বিক অর্থ বরাদ্দ করা না হলে সংসদে বাজেট পেশের পরদিন জেলা ও উপজেলা পর্যায়ে বিক্ষোভ মিছিল। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।